72

তারিখ 15 MAY 1997
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

# তুচ্ছ ঘটনার জের ॥ ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষে আহত ২০ ॥ রাজশাহী বিআইটি বন্ধ ঘোষণা

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ রাজশাহী বিআইটিতে ছাত্রদল ও ছাত্রলীগের সংঘর্ষে উভয় সংগঠনের কমপক্ষে ২০ জন আহত হয়েছে। সংঘর্ষকালে ৩টি আবাসিক হলের শতাধিক কক্ষ ভাংচুর, অগ্নিসংযোগ ও লুটপাট হয়। এদিকে বড় ধরনের রক্তক্ষয়ী সংঘর্ষ এড়াতে বুধবার কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য বিআইটি বন্ধ ঘোষণা করে ছাত্রছাত্রীদের রাত ৮টার মধ্যে আবাসিক হলসমূহ ত্যাগ করার নির্দেশ দিয়েছেন।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে উভয় সংগঠনের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। মঙ্গলবার টিনশেড হলের টিভি রুমে আমের খোসা ছুড়ে মারাকে কেন্দ্র করে ছাত্রদলের মুক্তাদির ও ছাত্রলীগের দুরুল হুদার, মধ্যে তর্কের এক পর্যায়ে মুক্তাদির প্রহৃত হয়। এই ঘটনার জের হিসাবে ছাত্রদল কর্মীরা ছাত্রলীগের দুরুল হুদাকে মারধর করে। ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ বিআইটিতে বুধবার ধর্মঘটের ডাক দেয়। বিআইটি কর্তৃপক্ষের উদ্যোগে সমঝোতার চেষ্টা ব্যর্থ হলে পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটে। বিকালে উভয় সংগঠনের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত হয়। এ সময় ৩টি হলের শতাধিক কক্ষ ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করা হয়। বিকাল ৩টা থেকে শুরু হওয়া প্রায় ৩ ঘণ্টাব্যাপী এ সংঘর্ষে গুলি ও বোমাবাজির ব্যাপক ঘটনা ঘটে। পুলিশ সন্ধ্যায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কর্তৃপক্ষ বড় ধরনের রক্তক্ষয়ী সংঘর্ষ এড়াতে অনির্দিষ্টকালের জন্য রাজশাহী বিআইটি বন্ধ ঘোষণা করে রাত ৮টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়।

ঘটনার জন্য শহিদুল ইসলাম হলের প্রাধ্যক্ষ প্রফেসর আব্দুস সোবাহানকে আহবায়ক করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

এদিকে ছাত্রদল-ছাত্রলীগ পরস্পরকে এ ঘটনার জন্য দায়ী করেছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।